গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১২ এপ্রিল ২০১৫, ২৯ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মাওনা ফ্লাইওভার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
২। জাপানের আরও বিনিয়োগ কামনা প্রধানমন্ত্রীর
৩। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসি কার্যকর
৪। স্বাস্থ্যসেবা নিয়ে রাজনীতি করবেন না : স্বাস্থ্যমন্ত্রী
৫। ইয়েমেন থেকে ৩৬০ বাংলাদেশিকে উদ্ধার করা হয়েছে : পররাষ্ট্র সচিব
৬। বিচারাধীন ৩০ লাখ মামলা দ্রুত নিষ্পত্তি করুন : বিচারকদের প্রতি প্রধান বিচারপতি
৭। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের আশ্বাস প্রধান নির্বাচন কমিশনারের
৮। নিরাপত্তার চাদরে সারাদেশ
৯। ব্যাংকারদের ক্ষুদ্র ও নারী উদ্যোক্তাবান্ধব হওয়ার আহ্বান
১০। দুই বাংলাদেশিকে গুলি করে হত্যা করল বিএসএফ : সীমান্ত হত্যায় উদ্বিগ্ন বাংলাদেশ
১১। বাংলা নববর্ষ উপলক্ষে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার শুভেচ্ছা
১২। ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত বাংলাদেশ ক্রিকেট দল

চলমান পাতা/২

১। মাওনা ফ্লাইওভার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার এ দেশে রাজনীতি করার কোনো অধিকার নেই। মানুষকে আগুন দিয়ে পুড়িয়ে মারা কোন ধরনের রাজনীতি। এই অধিকার কে দিয়েছে? আন্দোলনের নামে ৯২ দিনে ১৫০ জন নিরীহ মানুষকে পুড়িয়ে মারা হয়েছে। এত বড় গুনাহ আর কি হতে পারে। গতকাল ১১ এপ্রিল শনিবার গাজীপুরের শ্রীপুরে অবস্থিত ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উপর নবনির্মিত মাওনা ফ্লাইওভার উদ্বোধন শেষে মাওনা পিয়ার আলী বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে স্থানীয় উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), সমকাল (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ডেইলি সান (শেষ পৃ.,ক.৬)।

২। জাপানের আরও বিনিয়োগ কামনা প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি অর্জনের জন্য জাপানের আরও অর্থনৈতিক সহায়তা ও বিনিয়োগ কামনা করেছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সরকারি বাসভবনে গতকাল ১১ এপ্রিল শনিবার বিদায়ী সাক্ষাৎ করেন জাপানের রাষ্ট্রদূত শিরো শাদোশিমা। এ সময় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এসব কথা জানান। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.২)।

৩। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসি কার্যকর

ফাঁসির দড়িতে ঝুললেন একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামান। মুক্তিযুদ্ধ চলাকালে শেরপুরের সোহাগপুরে ১৪৪ জনকে হত্যার অপরাধে গতকাল ১১ এপ্রিল শনিবার রাত সাড়ে ১০টায় ঢাকা কেন্দ্রীয় কারাগারে ফাঁসিতে ঝুলিয়ে তার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্তদের মধ্যে ফাঁসি কার্যকরের দ্বিতীয় ঘটনা এটি। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। স্বাস্থ্যসেবা নিয়ে রাজনীতি করবেন না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, স্বাস্থ্য সেবা নিয়ে কোনো রাজনীতি করবেন না। চিকিৎসা ও স্বাস্থ্যসেবার সঙ্গে মানুষের জীবন-মরণ জড়িত। এমন স্পর্শকাতর বিষয় নিয়ে রাজনীতি করা চলে না। দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা সঠিকভাবে পৌঁছে দিতে সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানান স্বাস্থ্যমন্ত্রী। গতকাল ১১ এপ্রিল শনিবার রাজধানীর একটি হোটেলে সার্বজনীন স্বাস্থ্যসেবা নিশ্চত করতে করণীয় বিষয়ে আয়োজিত এক আন্তর্জাতিক সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫)।

৫। ইয়েমেন থেকে ৩৬০ বাংলাদেশিকে উদ্ধার করা হয়েছে : পররাষ্ট্র সচিব

যুদ্ধের কারণে ইয়েমেন থেকে এখন পর্যন্ত ৩৬০ বাংলাদেশিকে উদ্ধার করে আফ্রিকার দেশ জিবুতিতে স্থানান্তর করা হয়েছে। তাদের মধ্যে শুক্রবার ১১ জন দেশে ফেরার পর আরও ১০ জন বাংলাদেশি ১১ এপ্রিল শনিবার দেশে ফেরেন। পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক গতকাল ১১ এপ্রিল শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে জানান, ৩৪০ বাংলাদেশিকে ভারতের জাহাজে উদ্ধার করে জিবুতি স্থানান্তর করা হয়েছে। অবশিষ্ট ২০ জনকে এয়ার ইন্ডিয়ার ফ্লাইটে স্থানান্তর করা হয়। তিনি আরও জানান, ভারতের জাহাজে ইয়েমেনের বন্দর নগরী এডেন থেকে শনিবারই জিবুতি পৌঁছান ৫৬ বাংলাদেশি। জিবুতিতে থাকা এসব বাংলাদেশিকে বড় একটি জাহাজে ভারতের কেরালা রাজ্যের কোচিন বন্দরে আনা হবে। সেখানে থেকে তাদের বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইটে বাংলাদেশে ফিরিয়ে আনা হবে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। বিচারাধীন ৩০ লাখ মামলা দ্রুত নিষ্পত্তি করুন : বিচারকদের প্রতি প্রধান বিচারপতি

বিচার প্রার্থীদের হয়রানি লাঘব এবং বিচার বিভাগের ভাবমূর্তি বাড়াতে সারাদেশে বিচারাধীন ৩০ লাখ মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিচারকদের আরও আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। একই সঙ্গে দেশের আদালতগুলোতে বিচারাধীন মামলা নিষ্পত্তি করতে না পারলে বিচারকরা অস্তিত্ব সংকটের মুখে পড়বে বলে মন্তব্য করেন তিনি। গতকাল ১১ এপ্রিল শনিবার সুপ্রিম কোর্ট মিলনায়তনে (সাবেক সড়ক ভবন) জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় ও আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), নিউ এজ (শেষ পৃ.,ক.২)।

৭। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের আশ্বাস প্রধান নির্বাচন কমিশনারের

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিব উদ্দিন আহমদ বলেছেন, অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সব ধরনের প্রস্তুতি নিয়েছে কমিশন। পাশাপাশি শান্তিপূর্ণ পরিবেশে ভোটাররা যাতে আনন্দের সঙ্গে কেন্দ্রে যেতে পারে সে ব্যবস্থা করা হয়েছে। এ বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনী তৎপর আছে। কাউকে ছাড় দেওয়া হবে না।

ভোটের আগের রাতে ভোট কেনাবেচা হবে না প্রত্যাশা করে সিইসি বলেন, আমরা চাই নির্বাচনে টাকার ব্যবহার বন্ধ হোক। ভোটাররা উপযুক্ত প্রার্থীকে ভোট দেবেন। গতকাল ১১ এপ্রিল শনিবার চট্টগ্রাম হল টোয়েন্টিফোর মিলনায়তনে মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা জানান সিইসি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

৮। নিরাপত্তার চাদরে সারাদেশ

মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর সিনিয়র সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসির রায় কার্যকর করাকে কেন্দ্র করে রাজধানীসহ সারাদেশে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে পুলিশ। রাজধানীবাসীকে 'উদ্বিগ্ন' না হবার আহ্বান জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম। তিনি বলেন, নগরীতে নাশকতা ঠেকাতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), যুগান্তর (পৃ.১,ক.৪)।

৯। ব্যাংকারদের ক্ষুদ্র ও নারী উদ্যোক্তাবান্ধব হওয়ার আহ্বান

দেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) প্রসার এবং এ খাতে অর্থায়ন বাড়াতে ব্যাংকারদের আরো ক্ষুদ্র ও নারী উদ্যোক্তাবান্ধব হওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ ব্যাংক গভর্নর ড. আতিউর রহমান। তিনি বলেন, ব্যাংকের প্রত্যেক শাখা থেকে বছরে অন্তত তিনজন নারী উদ্যোক্তা বাছাই এবং অন্তত একজন নারী উদ্যোক্তাকে ঋণ প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। এর মাধ্যমে দেশে প্রতিবছর হাজার হাজার নারী উদ্যোক্তা সৃষ্টি হবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল ১১ এপ্রিল শনিবার রাজধানীর মিরপুরে 'বাংলাদেশে এসএমই খাতে অর্থায়ন প্রসারে নীতি-নির্ধারক ও কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা' শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

১০। দুই বাংলাদেশিকে গুলি করে হত্যা করল বিএসএফ : সীমান্ত হত্যায় উদ্বিগ্ন বাংলাদেশ

বেনাপোলের দৌলতপুর সীমান্তে গতকাল ১১ এপ্রিল শনিবার ভোরে বাংলাদেশি দুই গরু ব্যবসায়ীকে গুলি করে হত্যা করেছে বিএসএফ। গুলিতে আহত হয়েছে আরো ৩ জন। সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) হাতে বাংলাদেশি নাগরিক হত্যার বিষয়ে দেশটির কাছে বাংলাদেশ উদ্বেগ প্রকাশ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব মো. শহিদুল হক। গতকাল ১১ এপ্রিল শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-ইনকিলাব (পৃ.১, ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

১১। বাংলা নববর্ষ উপলক্ষে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার শুভেচ্ছা

বাংলা নববর্ষ পহেলা বৈশাখ উপলক্ষে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা এক বার্তায় বাংলাদেশি ও বিশ্বের সব বাংলা ভাষাভাষী মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরি এক বিবৃতিতে এ কথা জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.৫)।

১২। ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত বাংলাদেশ ক্রিকেট দল

বিশ্বকাপে অসাধারণ পারফরম্যান্স করায় বাংলাদেশ দলের ক্রিকেটারদের গণসংবর্ধনা দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। গতকাল ১১ এপ্রিল শনিবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় পেশাজীবী সংগঠন, নাগরিক সমাজ ও হাজারো টাইগারভক্তের ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত হয় বাংলাদেশ ক্রিকেট দল। হাজারো টাইগার-সমর্থকদের করতালিতে মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠানস্থল। ক্রিকেটারদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২), যায়যায়দিন (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল : আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনকে সুষ্ঠু ও সুন্দর করতে প্রার্থীরা স্বতঃস্ফূর্তভাবে আচরণবিধি মেনে চলবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক, জনকণ্ঠ : ফরিদপুরের ভাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনার কথা উল্লেখ করে একের পর এক এ ধরনের দুর্ঘটনা রোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

গ. সমকাল : নেত্রকোনার খালিয়াজুরীতে উপযুক্ত বাঁধ ব্যবস্থাপনার অভাবে আগাম বন্যায় হাওরের বোরো ফসল তলিয়ে যাওয়ার আশঙ্কা দেখা দেওয়ার কথা উল্লেখ করে দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে হাওরের উন্নয়নে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঘ. যুগান্তর : দেশের রপ্তানি পণ্যসামগ্রীর অন্যতম চিংড়ির রপ্তানি বাজার বাঁচাতে অসাধু ব্যবসায়ীদের প্রতারণামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

ঙ. যায়যায়দিন : ব্যবসা-বাণিজ্য ও দেশি-বিদেশি বিনিয়োগ অর্থনৈতিক উত্তরণের সোপান হওয়ায় অর্থনীতিকে গতিশীল রাখতে ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তোলা অপরিহার্য বলে মতপ্রকাশ;

চ. ডেইলি স্টার : বাংলাদেশ স্বাস্থ্য পর্যবেক্ষণ রিপোর্টে প্রকাশিত গ্রামের লোকজনের চেয়ে শহরের ৩০ শতাংশ থেকে ৪৫ শতাংশ বস্তিবাসী অসুস্থ এবং তাদের ৬০ শতাংশ শিশু অপুষ্টির শিকার এ খবরে উদ্বেগ প্রকাশ করে বস্তিবাসীদের স্বাস্থ্য সমস্যা ও আবাসন সমস্যা সমাধানে সরকারকে যথাযথ নজরদারির সুপারিশ;

ছ. ডেইলি সান : ইয়েমেন থেকে নিরাপদে ফিরিয়ে আনা বাংলাদেশিদের চাকুরির ব্যবস্থা করা বা অন্য কোনো দেশে জীবিকার ব্যবস্থা করতে সরকারকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি অবজারভার : দখল ও দূষণের কবল থেকে বুড়িগঙ্গা নদীকে বাঁচাতে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে সামাজিক নিরাপত্তা কৌশলপত্র অনুমোদন দারিদ্র্য ও বৈষম্য বিমোচনে সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘বাজেটে স্বাস্থ্য খাত ও গণমানুষের জন্য স্বাস্থ্যসেবা’ শিরোনামের নিবন্ধে মামুন রশীদ সুস্থ সবল জাতি গঠন নিশ্চিত করতে হলে একটি দেশকে অবশ্যই স্বাস্থ্যখাতে অব্যাহতভাবে বাজেট বরাদ্দ বাড়াতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা